গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৬৭২৫ তারিখঃ ১৬ আগস্ট ২০২৬ খ্রি.

বিষয় : প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ আয়োজনের লক্ষ্যে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ উপলক্ষ্যে স্টিয়ারিং কমিটির এক সভা গত ০৩ আগস্ট ২০২৬ খ্রি, সোমবার বেলা ১১:০০ ঘটিকায় শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী (কপি সংযুক্ত) মাঠ পর্যায়ের বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রফেসর মোঃ শহিদুল ইসলাম)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২-৪১০৫০৪৪৮ ।

০১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (আঞ্চলিক), অঞ্চল সকল।
০২। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)
০৩। জেলা শিক্ষা কর্মকর্তা, (সকল)।

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল ), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
০৫। অধ্যক্ষ, (সকল), সরকারি/বেসরকারি কলেজ সমূহ।
০৬। প্রধান শিক্ষক (সকল), সরকারি/বেসরকারি নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়সমূহ।
০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
০৮। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
**www.shed.gov.bd**

**বিষয়: প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ আয়োজনের লক্ষ্যে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. আ ন ম এহছানুল হক মিলন<br>মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০৩ আগস্ট ২০২৬ খ্রি, সোমবার, সময় : বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় 'প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬' সেপ্টেম্বর ২০২৬ এর ২য় সপ্তাহে চট্টগ্রাম জেলা স্টেডিয়াম, চট্টগ্রামে এক বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে শুরু হতে যাচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ঐতিহাসিক প্রতিযোগিতার শুভ উদ্বোধন করবেন। সভাপতির অনুমতিক্রমে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বলেন, প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ সুষ্ঠুভাবে আয়োজনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে। এছাড়া জেলা, উপজেলা ও অঞ্চল কমিটি গঠন করা হয়েছে। স্টিয়ারিং কমিটির সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনা অনুসারে এ ফুটবল প্রতিযোগিতা সারা বাংলাদেশে প্রাণবন্তভাবে উদযাপন করা হবে মর্মে তিনি আশা করেন। অতঃপর সভাপতি উপস্থিত সদস্যগণকে মতামত ব্যক্ত করার আহবান জানান।

২.০ মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে অনুষ্ঠিতব্য প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা সফলভাবে আয়োজনের লক্ষ্যে আন্তর্জাতিক মানের প্রচার প্রচারণা /ব্রান্ডিং নিশ্চিত করতে হবে। মাননীয় সংসদ সদস্যদের তৃণমূল থেকে রাষ্ট্রীয় সর্বোচ্চ পর্যায়ের সংশ্লিষ্ট সকল আয়োজনে সম্পৃক্ত করতে হবে।

৩.০ মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এ আয়োজনকে সাধুবাদ জানিয়ে বলেন, বর্তমান সরকার ক্রীড়াকে শিক্ষার মূল স্রোতে যুক্ত করার জন্য নিয়মিত বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করছে। মাঠ পর্যায়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে মর্মে তিনি আশ্বাস প্রদান করেন।

৪.০ মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ প্রিন্ট মিডিয়ার পাশাপাশি সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রচারণার জন্য ফেইসবুক পেজ ও মিডিয়া সেল তৈরি করা এবং মন্ত্রণালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তাকে এ কার্যক্রমে সার্বক্ষণিকভাবে যুক্ত করার পরামর্শ প্রদান করেন।

৫.০ মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় জেলা কমিটিতে রেফারি অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি রাখার জন্য প্রস্তাব করেন। তিনি খুলনা-৩ আসনের সংসদ সদস্য এবং ত্রয়োদশ জাতীয় সংসদের হুইপ জনাব রকিবুল ইসলাম বকুলকে স্টিয়ারিং কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন।

৬.০ মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ বলেন, উপজেলা পর্যায়ে সুষ্ঠুভাবে প্রতিযোগিতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের যুব, ক্রীড়া ও সংস্কৃতি খাতের বরাদ্দ হতে ১০% ব্যয় করার জন্য ইতোমধ্যে সকল উপজেলায় পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রয়োজনীয়তার নিরীখে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতেও অতিরিক্ত অর্থ ব্যয়ের অনুমোদন দেয়া হয়েছে। প্রত্যেক প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে টিম গঠন করতে হবে এবং উপজেলা পর্যায়ে ৪/৫ টি মাঠে খেলা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রয়োজনে ভেন্যু কমিটি গঠন করবেন এবং মাঠ নির্বাচন করে প্রয়োজনীয় সংস্কারের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে যোগযোগ করবেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সকল বোর্ড এবং জেলা ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় এ আয়োজন সফল হবে মর্মে তিনি আশা ব্যক্ত করেন।

৭.০ মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বলেন, সামাজিক ও পারিবারিক অবক্ষয় রোধ এবং যুব সমাজকে মাদকের হাত থেকে রক্ষা করার জন্য আমাদের ক্রীড়াঙ্গনকে সচল রাখতে হবে এবং বছরব্যাপী এ ধরণের প্রতিযোগিতার আয়োজন করতে হবে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় অনুপযোগী মাঠসমূহ জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কারের জন্য সহায়তা করবে।

৮.০ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সভাকে অবহিত করেন যে, প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দেশের প্রায় পঞ্চাশ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে খেলা অনুষ্ঠিত হবে। প্রতিভাবান খেলোয়াড়দের বাছাই করা এবং পরবর্তীতে তাদের প্রয়োজনীয় সহযোগিতা করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এ প্রতিযোগিতার ব্যয়ভার নির্বাহের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সকল বোর্ড (মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ড) প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদান করবেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে উপজেলা পর্যায়ে এক লক্ষ টাকা এবং জেলা পর্যায়ে পাঁচ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হবে যা জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিভিন্ন খাতে ব্যয় করবে। স্থানীয় সরকার বিভাগ থেকেও অর্থ ব্যয়ের অনুমতি প্রদান করা হয়েছে। এছাড়া সকল পর্যায়ের খেলায় মাননীয় সংসদ সদস্যগণ এবং সংশ্লিষ্ট এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে সম্পৃক্ত রাখার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

৯.০ প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধিকে স্টিয়ারিং কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন। অর্থবিভাগের প্রতিনিধি বলেন, প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে অর্থ বরাদ্দের জন্য দ্রুত অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি, চেয়ারম্যান, ঢাকা বোর্ড জেলা ও উপজেলা পর্যায়ে প্রস্তুতিমূলক সভা এবং র‍্যালি আয়োজন করবেন মর্মে সভাকে অবহিত করেন।

১০.০ মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী উৎসবমুখর পরিবেশে এ আয়োজন সফল করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। আয়োজনের প্রচার প্রচারণার দিকে বিশেষ করে নজর দিতে হবে। ব্যারিস্টার মীর মোহাম্মদ হেলাল উদ্দিন, প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং জনাব এ বি এম আশরাফ উদ্দিন নিজান, হুইপ, জাতীয় সংসদ-কে স্টিয়ারিং কমিটিতে অন্তর্ভুক্ত করা হবে। মাউশি'র মহাপরিচালক এবং আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি, চেয়ারম্যান, ঢাকা বোর্ড সকল জেলা ও উপজেলা শিক্ষা অফিসারের সাথে সভা করে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন। তারা বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে প্রতিযোগিতা আয়োজন করবেন।

**১১.০ <u>সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়</u> :**

(ক) ব্যারিস্টার মীর মোহাম্মদ হেলাল উদ্দিন, প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ত্রয়োদশ জাতীয় সংসদের হুইপ জনাব রকিবুল ইসলাম বকুল, এমপি ও জনাব এ বি এম আশরাফ উদ্দিন নিজান, এমপি এবং মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধিকে প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ সংক্রান্ত স্টিয়ারিং কমিটিতে কো-অপ্ট করা হবে;

(খ) উপজেলা নির্বাহী কর্মকর্তা ভেন্যু কমিটি গঠন করবে এবং ৪/৫টি ভেন্যু নির্বাচন করে সেগুলো সংস্কারের জন্য জরুরি ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবে;

(গ) জেলা কমিটিতে রেফারি এসোসিয়েশন এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে;

(ঘ) সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণার জন্য ফেইসবুক পেজ ও মিডিয়া সেল তৈরি করতে হবে;

(ঙ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর মহাপরিচালক ও বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি, চেয়ারম্যান, ঢাকা বোর্ড সকল জেলা ও উপজেলা শিক্ষা অফিসারের সাথে সভা করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং প্রতিষ্ঠানসমূহকে ফুটবল দেয়ার ব্যবস্থা করবে;

(চ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জরুরি ভিত্তিতে নির্ধারিত খেলার মাঠ সমূহ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ছ) উপজেলা পর্যায়ে সকল বোর্ড (০৯ টি সাধারণ বোর্ডসহ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ড) অর্থ বরাদ্দ প্রদান করবে যা উপজেলা প্রশাসন প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিভিন্ন খাতে ব্যয় করবে;

(জ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও সকল বোর্ড ০৮টি বিভাগে র‍্যালী ও প্রস্তুতিমূলক সভা করবে;

(ঝ) জেলা কমিটি মহানগর/ মেট্রোপলিটন থানা কমিটি গঠন করবে;

(ঞ) প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ উপজেলা, জেলা ও অঞ্চল পর্যায়ে আড়ম্বরপূর্ণ ও সফলভাবে সম্পন্ন করার নিমিত্ত উক্ত প্রতিযোগিতায় খ্যাতিমান খেলোয়াড় ও মাননীয় সংসদ সদস্য/স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবৃন্দকে সম্পৃক্ত করতে হবে।

১২.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. আ ন ম এহছানুল হক মিলন)
মননীয় মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়

নং- ৩৭.০০.০০০০.০৭১.৯৯.০১৫.২৬- ২৬০

তারিখ : ২১ শ্রাবণ ১৪৩৩ / ০৫ আগস্ট ২০২৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়
২. মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
৩. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৪. মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৫. মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৬. মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৭. মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়
৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৯. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১০. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১১. সচিব, অর্থ বিভাগ
১২. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩. সভাপতি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন
১৪. সভাপতি, এফবিসিসিআই
১৫. সভাপতি, বিজিএমইএ
১৬. অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৭. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৮. যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৯. যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২০. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর /মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর /ময়মনসিংহ/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
২২. পরিচালক (ক. ও প্র./মাধ্যমিক/ অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২৩. পরিচালক (আঞ্চলিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা।
২৪. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
২৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা।
২৬. নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, কাকরাইল, ঢাকা।
২৭. উপপরিচালক (সা.প্র./শারীরিক শিক্ষা/মাধ্যমিক/কলেজ-১,২/), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২৮. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা অঞ্চল।
২৯. শারীরিক শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম /সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩০. সংরক্ষণ নথি।

(তানিয়া ফেরদৌস)
উপসচিব